তারিখ ...

পৃষ্ঠা ... 2 ... কলাম ... ৩ ...



গতকাল ঢাকা মেডিকেল কলেজে বোমা গুজবের পর কলেজ অভ্যন্তরে পুলিশের তল্লাশি: (ইনসেটে) বাইরে আতঙ্কিত শিক্ষার্থীরা –যুগান্তর

# ঢাকা মেডিকেল কলেজে বোমাতঙ্ক

**যুগান্তর রিপোর্ট**

ঢাকা মেডিকেল কলেজে গতকাল দিনভর ছিল বোমাতঙ্ক। এই বোমা আতঙ্কের কারণেই চতুর্থ বর্ষের ছাত্রছাত্রীদের প্রফেশনাল পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। ছাত্রছাত্রীরা কলেজ গেটের বাইরে অবস্থান করে।

গতকাল সকাল ১১টায় কলেজ অধ্যক্ষ একেএম শহীদুল ইসলামের কাছে অজ্ঞাত এক ব্যক্তি ফোন করে জানান, ঢাকা মেডিকেল কলেজের মাইক্রোবায়োলজি, লেকচার গ্যালারি ও ফরেনসিক বিভাগে শক্তিশালী বোমা রাখা হয়েছে। যা বিস্ফোরিত হলে বড় দুর্ঘটনা ঘটে যেতে পারে। এ সংবাদের পর অধ্যক্ষ কলেজে চতুর্থ বর্ষের অনুষ্ঠিত প্রফেশনাল পরীক্ষা বাতিল করেন। তাৎক্ষণিক তিনি বিষয়টি সিআইডি ও পুলিশ কন্ট্রোল রুমে জানান। পরে পুলিশ এসে পুরো ঢাকা মেডিকেল কলেজে তল্লাশি চালিয়েও কোন বোমার সন্ধান পায়নি। সকাল ১১টার পর সব ক্লাস

বোমাতঙ্ক : পৃষ্ঠা : ৬ কলাম : ৪

## বোমাতঙ্ক : মেডিকেল

(১ম পৃষ্ঠার পর)

ও পরীক্ষা বন্ধ হয়ে যায়। ছাত্রছাত্রীরা বিকেল ৪টা পর্যন্ত কলেজ গেটের বাইরে দাঁড়িয়ে ছিল। ছাত্রছাত্রী ও কলেজ কর্তৃপক্ষের মধ্যে সারাদিন ছিল বোমাতঙ্ক। এ ব্যাপারে কলেজ কর্তৃপক্ষ ধারণা করছেন, চতুর্থ বর্ষের প্রফেশনাল পরীক্ষার কোন প্রার্থী পরীক্ষা যেন অনুষ্ঠিত না হয় এ কারণেই ফোনে কলেজে বোমাতঙ্ক ছড়িয়ে দিয়েছে।